



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)




স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৪.২৭.৩০.২০২০ ৫২৭

তারিখ: ২/১১/২০২২খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আপনি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ নুরুল আমিন-১৫৪৭০, সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), রংপুর সরকারি কলেজ, রংপুর আপনার বিরুদ্ধে একই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ শামিউল ইসলাম প্রামানিক-১৬৩৬৫ এর স্ত্রীর পেশা সম্পর্কে অশালীন মন্তব্য ও কটুক্তি করার কারণে গত ২০/০৮/২০২২খ্রি. তারিখে সংঘটিত অপ্ৰীতিকর ঘটনাসহ আরো ০২ (দুই) বার একই ব্যক্তির সাথে বাকবিতন্ডা ও অপ্ৰীতিকর ঘটনা ঘটানোর অভিযোগ রয়েছে। যা শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণসহ শিক্ষার পরিবেশকে বিনষ্ট করছে। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ। তাই কেন আপনার বিরুদ্ধে বর্ণিত বিধিমালায় আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ ওয়াহিদুজ্জামান (৩৯২৪)  
উপ-পরিচালক(কলেজ-১)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

জনাব মোঃ নুরুল আমিন-১৫৪৭০  
সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)  
রংপুর সরকারি কলেজ, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, রংপুর সরকারি কলেজ, রংপুর।
- ০৪। জনাব .....
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৬। অফিস নথি।